



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours Part-I Examination, 2021

বাংলা

প্রথম পত্র

সময়: ২ ঘণ্টা

পূর্ণমান: ৫০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর লিখবে।

১নং থেকে ৯নং প্রশ্নের মধ্যে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও

১৫×২ = ৩০

- ১। সাধারণভাবে 'চর্যাপদ' নামে পরিচিত পদগুলির প্রকৃত নাম, প্রাপ্ত পদের সংখ্যা এবং বিষয়বস্তুর পরিচয় দাও। এই পদগুলিতে সমকালীন সমাজের যে আভাস পাওয়া যায়, তা পরিস্ফুট করো। ১+১+৫+৮
- ২। মধ্যযুগের বাংলা অনুবাদ সাহিত্যের ধারায় প্রধান তিনজন কবির নাম লেখো। তাঁদের অনূদিত গ্রন্থের প্রকৃত নাম লেখো। মহাভারতের অনুবাদ সম্পর্কে লেখো। ৩+৩+৯
- ৩। ধর্মঙ্গল কাব্যকে কেন 'রাঢ়ের জাতীয় মহাকাব্য' বলে অভিহিত করা হয়? এই কাব্যধারার একজন কবির কৃতিত্ব পর্যালোচনা করো। ৫+১০
- ৪। 'বিদ্যাসাগর বাংলা গদ্যের প্রথম যথার্থ শিল্পী।' — মন্তব্যটির সার্থকতা বিচার করো। তাঁর রচিত গদ্য গ্রন্থগুলির পরিচয় দাও। ৫+১০
- ৫। "বাংলা গীতিকবিতার ইতিহাসে বিহারীলাল চক্রবর্তীর ভূমিকা বড় কবির নয়, নতুন ধারার কবি হিসাবে।" — আলোচনা করো। ১৫
- ৬। বাংলা নাট্যসাহিত্যের ধারায় মধুসূদন দত্তের বিশিষ্টতা নির্ধারণ করো। ১৫
- ৭। আধুনিক কবিগণ কোন্ তাৎপর্যে আধুনিক? আধুনিক কবি হিসেবে সুধীন্দ্রনাথ দত্ত অথবা জীবনানন্দ দাশের কবি প্রতিভার মূল্যায়ন করো। ৫+১০
- ৮। বাংলা ছোটগল্পে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়-এর অবদান আলোচনা করো। ১৫
- ৯। নাট্যকার উৎপল দত্তের কৃতিত্ব বিচার করো। ১৫

- ১০নং থেকে ১৩নং প্রশ্নের মধ্যে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ১০×২ = ২০
- ১০। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ১০×১ = ১০
- (ক) চৈতন্য পূর্ব ও চৈতন্যোত্তর যুগের পদাবলী সাহিত্যের প্রধান প্রধান পার্থক্যগুলি উদাহরণ সহযোগে দেখিয়ে দাও।
- (খ) প্রহসন রচয়িতা হিসেবে দীনবন্ধু মিত্রের প্রতিভার মূল্যায়ন করো।
- (গ) বাংলা উপন্যাসের ধারায় সৈয়দ ওয়ালীউল্লাহের অবদান বিষয়ে লেখো।
- ১১। নিম্নলিখিত প্রতিটি গুচ্ছ থেকে একটি করে যে-কোনো দুটি গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দাও: ৫×২ = ১০
- (ক) (অ) মনসাবিজয় (আ) চৈতন্যভাগবত (ই) লোরচন্দ্রানী
- (খ) (অ) হতোম প্যাঁচার নক্সা (আ) লোকরহস্য (ই) কুলীনকুলসর্বস্ব
- (গ) (অ) গৃহদাহ (আ) কারাগার (ই) পদাতিক।
- ১২। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ১০×১ = ১০
- (ক) প্রাচীন বাংলা ভাষার কালসীমা নির্দেশ করে তার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উপযুক্ত দৃষ্টান্তসহ আলোচনা করো। ২+৮
- (খ) ধ্বনি পরিবর্তনের কারণগুলি উদাহরণ সহযোগে লেখো। ১০
- (গ) শব্দার্থ পরিবর্তনের কারণগুলি উদাহরণসহ আলোচনা করো। ১০
- ১৩। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ১০×১ = ১০
- (ক) উদাহরণসহ যে-কোনো পাঁচটির সংজ্ঞা নির্দেশ করো: ২×৫ = ১০
- অপিনিহিতি, স্বরসঙ্গতি, বর্ণবিপর্যয়, নাসিক্যীভবন, মিশ্রণ, লোকনিরুক্তি, সমাক্ষরলোপ।
- (খ) নিম্নলিখিত যে-কোনো পাঁচটির ভাষাতাত্ত্বিক টীকা লেখো: ২×৫ = ১০
- পাষাণ, জুয়া, তেরো, দাম, মাটি, রিঠা, বি, সাঁঝ, আস্তাবল।

N.B. : Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—x—